



বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।

স্মারক নং ২৬.০৯.০০০০.১০১.৪৪.০০১.১৮-৮৯

তারিখ : ১১ আশ্বিন ১৪৩০বাবং
২৬ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ চা বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [২.৬.১] সূচক বাস্তবায়নের অংশ হিসেবে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে চা চোরাচালান রোধ, চা উৎপাদনের সঠিক তথ্য প্রাপ্তি এবং রাজস্ব আহরণ নিশ্চিতকরণের লক্ষ্যে 'টি সফট' নামক একটি সফটওয়্যার (<https://www.teasoft.com.bd/>) এবং মোবাইল অ্যাপ (TeaSoft) গত ১৩.০৯.২০২৩ খ্রি. তারিখে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

০২। 'টি সফট' ব্যবহার করে পঞ্চগড়ের বটলিফ কারখানাগুলো তাদের কারখানায় চা বাগান ও ক্ষুদ্র চাষীদের নিকট থেকে কাঁচা পাতা গ্রহণ, কারখানায় চা উৎপাদন, ওয়ারহাউজে চা প্রেরণ ও বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ, নিলামে চা বিক্রি এবং সরকারি কোষাগারে ভ্যাট-ট্যাক্স জমাদান, মাসিক রিটার্নসহ এ সংক্রান্ত সকল তথ্য আপলোড করতে পারবে। এছাড়াও বাংলাদেশ চা বোর্ডসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং অংশীজন সহজেই উৎপাদন থেকে নিলামে বিক্রি পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়াটি সহজে যাচাই এবং মনিটর করতে পারবে। এতে চা চোরাচালান রোধ, সঠিক তথ্য প্রাপ্তি ও রাজস্ব আহরণ নিশ্চিত হবে।

০৩। এমতাবস্থায়, 'টি-সফট' নামক সফটওয়্যার/অ্যাপটি' চা শিল্প সংশ্লিষ্ট সকলকে ব্যবহারের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রসেস ম্যাপ (১ ফর্দ)

(মোহাঃ সুমনী আক্তার)
সচিব

ফোন: ০২৩৩৩৩৭৫০৬২


ই-মেইল: secretarybtb1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-২ শাখা)।
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
- ৩। উপসচিব, রপ্তানি-৪ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [সদয় অবগতির জন্য]
- ৪। উপকমিশনার, কাস্টমস এক্সাইজ এন্ড ভ্যাট, পঞ্চগড়।
- ৫। পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৬। পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৭। উপপরিচালক (পরিচালনা)/উপপরিচালক (বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
- ৮। প্রকল্প পরিচালক, এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কালটিভেশন ইন লালমনিরহাট, হাতীবান্ধা, লালমনিরহাট।
- ৯। উন্নয়ন কর্মকর্তা, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, ধাক্কামারা, পঞ্চগড়।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে চা চোরাচালান রোধ ও সঠিক তথ্য প্রাপ্তিতে 'টি-সফট' নামক সফটওয়্যার/অ্যাপ

- টি সফট উদ্ভাবনের পূর্বে সেবাটি যেভাবে দেয়া হতো? (প্রসেস ম্যাপ)



- টি সফট উদ্ভাবনের পর নতুন প্রসেস ম্যাপঃ



ব্যবহারকারীঃ বাংলাদেশ চা বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড, আইনশৃঙ্খলা বাহিনী, সকল বটলিফ চা কারখানার মালিক/ব্যবস্থাপক, চা বাগান মালিক/ক্ষুদ্র চা চাষি, রোকারস, ওয়ারহাউজ মালিকসহ সংশ্লিষ্ট সকল।